# জাতীয় বিশ্ববিদ্যালয়

## মাস্টার্স (প্রফেশনাল) ভর্তি নির্দেশিকা: ২০২০-২০২১

**(সংশ্লিষ্ট কোর্সসমূহের জন্য চলমান শিক্ষাবর্ষ প্রযোজ্য হবে)**

**ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions)**

### মাস্টার্স (প্রফেশনাল)/ডিপ্লোমা (প্রফেশনাল) কোর্সসমূহ

- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স
- পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ
- ব্যাচেলর অব ল'স (এলএলবি) ১ম পর্ব
- মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)
- এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং
- মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট
- এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং

## সাধারণ নির্দেশনা

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে পাঠদানকারী কলেজসমূহে চলমান শিক্ষাবর্ষ অনুযায়ী এলএলবি ১ম পর্ব (২০২০-২১)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম (২০২০-২১)/পোষ্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স (২০২০-২১)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স (২০১৯-২০)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী (২০২০-২১)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক (২০১৯-২০)/পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ (২০২০-২১)/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (২০১৮-১৯)/মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন [এমবিএ] (২০১৮-১৯)/এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং (২০১৯-২০)/মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজি এন্ড পুলিশ ম্যানেজমেন্ট (২০১৯-২০) কোর্সে অনলাইন ভর্তি কার্যক্রম **২৭ জুলাই বিকাল ৪টা থেকে শুরু হয়ে ১২ আগষ্ট ২০২০ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে**। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আগ্রহী প্রার্থীদের অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে এবং উক্ত ফরমের প্রিন্ট কপিসহ আবেদন ফি বাবদ **৩০০/-(তিনশত)** টাকা সংশ্লিষ্ট কলেজে **১৩ আগষ্ট ২০২০** তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। আবেদনকারীদের স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজে আলাদাভাবে মেধা তালিকা প্রণয়ন করা হবে। **এ ভর্তি কার্যক্রমে কোভিড-১৯ মহামারীকালীন পরিস্থিতিতে অনলাইন ক্লাস ১লা সেপ্টেম্বর ২০২০ তারিখ থেকে শুরু হবে।**

**বি:দ্র: সংশ্লিষ্ট সকলকে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারিকৃত কোভিড-১৯ মহামারী সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করতে হবে।**

**খ)** এ ভর্তি কার্যক্রমের বিস্তারিত সময়সূচি ও ফলাফল জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) প্রকাশিত বিজ্ঞপ্তির মাধ্যমে জানা যাবে। এছাড়াও SMS (nu<space>atpm<space>roll no টাইপ করে 16222 নাম্বারে send করতে হবে) এর মাধ্যমে শুধুমাত্র মেধা তালিকার ফলাফল জানা যাবে।

গ) এই ভর্তি কার্যক্রমে আবেদনকারী প্রার্থীদের শুধুমাত্র স্নাতক পর্যায়ের পরীক্ষার ফলাফলের ভিত্তিতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে মেধাতালিকা প্রণয়ন করে কোর্স বরাদ্দ দেয়া হবে।

**ঘ)** প্রাথমিক আবেদন ফরমে আবেদনকারীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ঙ) জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতিত অন্যান্য বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী প্রার্থীগণ Blank Data Entry Form এর মাধ্যমে অনলাইনে প্রাথমিক আবেদন করতে পারবে। সংশ্লিষ্ট কলেজ কর্তৃক Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের (স্নাতক পর্যায়ের সনদ অনুযায়ী) সকল তথ্য সঠিক আছে কিনা তা যাচাইপূর্বক একটি প্রত্যয়ন পত্র ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) বরাবর দাখিল করতে হবে। উক্ত প্রত্যয়ন পত্র ব্যতীত Blank Data Entry Form এর মাধ্যমে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।

**চ)** জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ে যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল প্রোগ্রামের কোন কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্বের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স প্রফেশনাল কোর্সে ভর্তি হতে পারবে। **এ লক্ষ্যে প্রার্থীকে "জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।**

ছ) **এই ভর্তি নির্দেশিকার যে কোন নিয়মাবলী/ধারা/উপধারা সংশোধন, সংযোজন, বিয়োজন, পরিবর্তন বা বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।**

## ১। মাস্টার্স (প্রফেশনাল) কোর্সে আবেদনের যোগ্যতা

| ক্রম | ভর্তিচ্ছু কোর্সসমূহ | শিক্ষাবর্ষ | মেয়াদকাল | ভর্তির ন্যূনতম যোগ্যতা | আবেদনের শর্ত |
|---|---|---|---|---|---|
| ক) | Bachelor of Laws (LLB) Part-1 | ২০২০-২০২১ | **১ বছর** | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর/CGPA ২.০ পেতে হবে।<br>বি:দ্র: এলএলবি ১ম পর্ব পরীক্ষায় ন্যূনতম ৪০% কিংবা জিপিএ ২.০০ পেয়ে উত্তীর্ণ হলে এলএলবি শেষপর্বে ভর্তির আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন। | **জাতীয় বিশ্ববিদ্যালয় ব্যতিত অন্য কোন বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রীধারী প্রার্থীদের ভর্তির জন্য মাইগ্রেশন সার্টিফিকেট দাখিল করতে হবে।** |
| খ) | Postgraduate Diploma in Journalism | | | | |
| গ) | Postgraduate Diploma in Library & Information Science | | | | |
| ঘ) | M.Sc in Computer Science and Engineering | ২০১৮-২০১৯ | **১ বছর** | i) জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫ সাল ও তৎপরবর্তী ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর/CGPA ২.২৫ পেতে হবে। | |
| ঙ) | Master of Business Administration (MBA) | ২০১৮-২০১৯ | **১ বছর** | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ২০১৫ সাল ও তৎপরবর্তী ২০১৮ সাল পর্যন্ত চার বছর মেয়াদী প্রফেশনাল বিবিএ (সম্মান)/ব্যবসায় প্রশাসন (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর/CGPA ২.২৫ পেতে হবে। | |
| চ) | MBA in Apparel Merchandising | ২০১৯-২০২০ | **২ বছর** | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে ২০১৪ সাল ও তৎপরবর্তী ২০১৮ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪৫% নম্বর/CGPA ২.২৫ পেতে হবে। | |
| ছ) | Master's in Applied Criminology & Police Management | ২০১৯-২০২০ | **১ বছর** | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে চার বছর স্নাতক (সম্মান) অথবা মাস্টার্স পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে। | এ ভর্তি কার্যক্রম সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের নিজস্ব তত্ত্বাবধানে পরিচালিত হবে। কলেজ কর্তৃক সংশ্লিষ্ট কোর্সে আবেদনের যোগ্যতা যাচাই করে প্রাথমিক আবেদন গ্রহণ করা হবে। আগ্রহী প্রার্থীকে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে যোগাযোগ করতে হবে। |
| জ) | Postgraduate Diploma in Music | ২০১৯-২০২০ | **১ বছর** | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হবে। | |
| ঝ) | Postgraduate Diploma in Sports Science | ২০১৯-২০২০ | **১ বছর** | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৪০% নম্বর/CGPA ২.০ পেতে হবে। তবে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে খ্যাতিসম্পন্ন খেলোয়াদের ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য। | |
| ঞ) | Postgraduate Diploma in Theater Studies | ২০২০-২০২১ | **১ বছর** | i) জাতীয় বিশ্ববিদ্যালয়/ ইউজিসি স্বীকৃত যে কোন বিশ্ববিদ্যালয় থেকে তিন বছর মেয়াদী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হবে। | |
| ট) | Postgraduate Diploma in Photography | ২০২০-২০২১ | **১ বছর** | | |

## ২। অনলাইন প্রাথমিক আবেদন ফরম পূরণ ও করণীয়

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **লগইন (Login)** | ক) এলএলবি ১ম পর্ব, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স, মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ) ও এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং কোর্সে আবেদনের জন্য প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এর Masters Tab Select করে **Blank Data Entry Form (Masters Prof.)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর নাম, পিতা ও মাতার নামসহ সংশ্লিষ্ট স্নাতক (সম্মান)/স্নাতক (পাস) পরীক্ষার রোল নম্বর, বিশ্ববিদ্যালয়ের নাম, পাসের সন, পঠিত বিষয়/কোর্স, প্রাপ্ত নম্বর (Marks Obtained)/সিজিপিএ ও মোট নম্বর (Total Marks)/স্কেল, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এছাড়া প্রার্থীর স্নাতক পর্যায়ে অর্জিত সনদ ও মার্কশীটের সত্যায়িত কপি এবং **"জাতীয় বিশ্ববিদ্যালয়/যে কোন বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে আমি ভর্তি/অধ্যয়নরত নই। দ্বৈত ভর্তির ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধান অনুযায়ী উভয় ভর্তি বাতিল সংক্রান্ত সিদ্ধান্ত আমি মেনে নিতে বাধ্য থাকবো"-** মর্মে আবেদনকারীর স্বাক্ষরিত একটি অঙ্গীকারনামা অনলাইন আবেদনে স্ক্যান করে আপলোড করতে হবে। প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর কোন তথ্য/ছবি অসত্য, ভুল বা অসম্পূর্ণ বলে প্রমাণিত হলে তার আবেদন/ভতি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।<br>খ) এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কোর্সে আবেদনের জন্য প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) এর Masters Tab Select করে **Apply Now (Masters Prof.)** অপশনে ক্লিক করতে হবে এবং ওয়েবসাইটে প্রদর্শিত তথ্য ছকে প্রার্থীর স্নাতক (সম্মান) পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাসের সন, ব্যক্তিগত মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস্ সঠিকভাবে এন্ট্রি দিতে হবে।<br>গ) মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী, পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক ও পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ কোর্সে ভর্তিচ্ছু প্রার্থীরা অনলাইনে আবেদন করতে পারবেন না, তারা ভর্তির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সরাসরি যোগাযোগ করবে।<br>**যোগাযোগের ঠিকানা:**<br>১। মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট (পুলিশ স্টাফ কলেজ, সেকশন-১৪, মিরপুর, ঢাকা-১২০৬)<br>২। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স ( বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান, জিরানী, সাভার)<br>৩। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী (১৪, পূর্ব শেওড়াপাড়া, মিরপুর, কাফরুল, ঢাকা)<br>৪। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক (২/৭, ব্লক-বি, লালমাটিয়া, ঢাকা-১২০৭)<br>৫। পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ (কক্সবাজার সিটি কলেজ, সদর কক্সবাজার) |
| **সঠিক লিঙ্গ (Gender) নির্ধারণ** | আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক লিঙ্গ (Gender) Select করতে হবে। |
| **কলেজ ও কোর্স পছন্দ** | আবেদনকারী তার পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলাওয়ারী যে কোন কলেজ/প্রতিষ্ঠানের নাম **Select** করলে মাস্টার্স (প্রফেশনাল) অধিভুক্ত কোর্সসমূহের নাম ও আসন সংখ্যা দেখতে পাবে। এ পর্যায়ে প্রার্থীকে ভর্তি যোগ্য (Eligible) কোর্সের তালিকা থেকে সর্তকতার সংগে তার প্রার্থিত কোর্সের পছন্দ নির্ধারণ করতে হবে। |
| **কোটা** | মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী/পোষ্য কোটায় ভর্তি হতে ইচ্ছুক প্রার্থীকে তথ্য ছকের নির্দিষ্ট স্থানে তার জন্য প্রযোজ্য কোটা **Select** করতে হবে। কোটায় আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্র থাকতে হবে। একজন প্রার্থী এক বা একাধিক কোটায় যোগ্য হলে কোটার পছন্দক্রম নির্ধারণ করে দিতে হবে। |
| **ছবি সংযোজন** | প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় প্রার্থীর পাসপোর্ট আকারে সম্প্রতি তোলা রঙ্গিন ছবি **Scan** করে আপলোড করতে হবে। ছবির মাপ ১২০×১৫০ pixels, Image Type: jpg এবং maximum file size:50Kb হতে হবে।<br>**প্রার্থীর ছবি ব্যতীত অন্য কোন ছবি আবেদন ফরমে আপলোড করা হলে ঐ প্রার্থীর ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।** |
| **ফরম চূড়ান্তকরণ** | সঠিক তথ্য ও ছবিসহ ছক পূরণ করে প্রথমে ফরমটি **Submit Application** অপশনে ক্লিক করতে হবে। এ পর্যায়ে আবেদনকারীর রোল নম্বর ও পিন কোড প্রদর্শিত হবে এবং আবেদনকারীকে ফরমটি ডাউনলোড করে [A4 (8.5"×11") অফসেট সাদা কাগজে] প্রিন্ট (Print) নিতে হবে। |
| **আবেদন ফরম বাতিলকরণ/ ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন** | আবেদন ফরম সংশ্লিষ্ট কলেজে জমাদানের পূর্বে কোন প্রার্থী তার **প্রাথমিক আবেদন ফরমটি বাতিল/ত্রুটিপূর্ণ ছবি পরিবর্তন** করতে ইচ্ছুক হলে তাকে **Applicant's Login (Masters Prof.)** অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Form Cancel/Photo Change Option** এ গিয়ে **Click to Generate the Security key** অপশনটি ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন ফরম পূরণ করতে পারবে। এ লক্ষ্যে **আবেদনকারীকে তার ব্যক্তিগত সঠিক মোবাইল নম্বর সর্তকতার সংগে আবেদন ফরমে সংযোজন করতে** হবে। তবে কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার পর তা আর বাতিল করা যাবে না। **প্রার্থী আবেদন ফরম বাতিল বা ছবি পরিবর্তনের সুযোগ কেবলমাত্র একবারই পাবে।** |
| **সংশ্লিষ্ট প্রতিষ্ঠান/কলেজে ফরম জমা ও ফি প্রদান** | আবেদনকারীকে প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর স্নাতক পর্যায়ে উত্তীর্ণ পরীক্ষার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সংক্রান্ত অঙ্গীকারনামার কপি ও **প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। প্রাথমিক আবেদন ফরমটির দ্বিতীয় অংশ সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের তারিখসহ স্বাক্ষর ও সীল দিয়ে আবেদনকারীকে ফেরত দেয়া হবে। সংশ্লিষ্ট কলেজ যে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করবে সে সকল আবেদনকারীর মোবাইল নম্বরে **SMS** এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। |

## ৩। মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসি/প্রতিবন্ধী (*সমাজসেবা অধিদপ্তর কর্তৃক স্বীকৃত*) কোটা সম্পর্কিত তথ্য ও সংরক্ষিত আসন

| কোটার প্রকৃতি | সংশ্লিষ্ট কলেজে অধিভুক্ত একটি কোর্সে সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসন কোটার জন্য সংরক্ষিত থাকবে। কোর্সভিত্তিক আসন বণ্টন | কোটার কোর্সভিত্তিক সর্বোচ্চ ০৫ (পাঁচ) টি আসনের শর্তপূরণ সাপেক্ষে একটি কলেজে কোটার আসন সর্বমোট ২৫ (পঁচিশ) টির অধিক হবে না। কলেজভিত্তিক আসন বণ্টন | কোটায় আবেদন করার শর্ত |
|---|---|---|---|
| মুক্তিযোদ্ধার সন্তান | ০৩ টি | ১৫ টি | সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদ পত্র থাকতে হবে। |
| আদিবাসি | ০১ টি | ০৭ টি | |
| প্রতিবন্ধী | ০১ টি | ০৩ টি | |
| মোট | ০৫ টি | ২৫ টি | |

## ৪। পোষ্য (Ward) কোটায় ভর্তি

মাস্টার্স (প্রফেশনাল) কোর্সের ভর্তি কার্যক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের সন্তান/সন্তানাদি পোষ্য কোটায় আবেদন করতে পারবে। এ কোটায় আবেদনকারীকে পোষ্যের প্রমাণ পত্রের সংগে জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দফতর থেকে পোষ্য হিসাবে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে। পোষ্য কোটায় আবেদনের জন্য প্রার্থীকে ভর্তি নির্দেশিকার সকল শর্ত পূরণ করতে হবে। **একটি কলেজে সর্বোচ্চ ০৩ (তিন) জন আবেদনকারী মেধার ভিত্তিতে পোষ্য কোটায় ভর্তি হতে পারবে এবং এ আসন অতিরিক্ত আসন হিসাবে বিবেচিত হবে** ।

## ৫। ফলাফল

ক) মাস্টার্স (প্রফেশনাল) কোসসমূহে ভর্তির জন্য আবেদনকারী প্রার্থীদের **স্নাতক(পাস)/স্নাতক(সম্মান)** পর্যায়ে প্রাপ্ত নম্বর/সিজিপিএ এর শতকরা হারের ভিত্তিতে প্রতিটি প্রতিষ্ঠান/কলেজের জন্য আলাদাভাবে মেধাতালিকা তৈরী করে কোর্স বরাদ্দ দেয়া হবে।

**মেধাতালিকা প্রণয়নের জন্য নম্বর বন্টন**

| স্নাতক পর্যায়ে সনাতন পদ্ধতিতে নম্বর বন্টন | স্নাতক পর্যায়ে প্রাপ্ত জিপিএ পদ্ধতিতে নম্বর বন্টন | সর্বমোট নম্বর |
|---|---|---|
| $\frac{\text{প্রাপ্ত নম্বর}}{\text{সর্বমোট নম্বর}} \times ১০০$ | $\frac{\text{প্রাপ্ত সি জি পি এ}}{\text{মোট স্কেল}} \times ১০০$ | ১০০ |

খ) একই প্রতিষ্ঠান/কলেজের দুই বা ততোধিক আবেদনকারীর মেধাস্কোর সমান হলে সেক্ষেত্রে এ সকল আবেদনকারীর জন্ম তারিখের নিম্নক্রম অনুসারে মেধাক্রম নির্ধারণ করা হবে।

গ) ভর্তির ফলাফল পর্যায়ক্রমে প্রথম মেধাতালিকা, প্রয়োজন হলে শূন্য আসন সাপেক্ষে দ্বিতীয় মেধাতালিকা, কোটা এবং রিলিজ স্লিপের মেধা তালিকার মাধ্যমে প্রকাশ করা হবে।

ঘ) সংশ্লিষ্ট কলেজ **User ID, Password** ও **OTP** ব্যবহার করে ভর্তির কোর্সওয়ারী ফলাফল দেখতে পারবে। আবেদনকারী প্রার্থী ভর্তি বিষয়ক ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এবং SMS (**nu<space>atpm<space>roll no** টাইপ করে 16222 নম্বরে send করতে হবে) এর মাধ্যমে অথবা সংশ্লিষ্ট কলেজ থেকে ফলাফল জানতে পারবে।

## ৬। মেধাতালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের ভর্তি সম্পর্কিত জ্ঞাতব্য

| ফরম পূরণের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| লগইন (Login) | মেধাতালিকা/কোটার মেধাতালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) Master tab-এ গিয়ে **Master (Professinal) Applicant Login** অপশনে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর নাম, বরাদ্দকৃত কোর্স, সংশ্লিষ্ট কলেজ/প্রতিষ্ঠানের নাম ও অন্যান্য তথ্যসহ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| আবেদন ফরমের প্রিন্ট | সঠিক তথ্যসহকারে ভর্তির আবেদন ফরমটি Submit Application অপশনে ক্লিক করলে একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। উক্ত ফরমটির দুই কপি A4 (8.5"×11") অফসেট কাগজে প্রিন্ট নিতে হবে। পরবর্তীতে রোল নম্বর ও পিন কোড দিয়ে একাধিকবার ফরমটি প্রিন্ট নেয়া যাবে। |
| সংশ্লিষ্ট কলেজে চূড়ান্ত ভর্তি ফরম জমা | আবেদনকারীকে প্রিন্ট করা চূড়ান্ত ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে তারিখসহ স্বাক্ষর করতে হবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর স্নাতক পর্যায়ে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকারনামার কপি ও ভর্তি ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। কলেজ কর্তৃপক্ষ চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ প্রার্থীকে ফেরত দিবে । |
| কোটার ফলাফল | রিলিজ স্লিপের ফরম পূরণের পূর্বে কোটার মেধা তালিকা প্রকাশ করা হবে। |
| চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন | সংশ্লিষ্ট কলেজ কর্তৃক অনলাইনে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করা হলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে শিক্ষার্থীকে SMS এর মাধ্যমে তা জানিয়ে দেয়া হবে। এছাড়াও শিক্ষার্থী অনলাইনে লগইন করেও তা জানতে পারবে। |

## ৭। রিলিজ স্লিপে আবেদন করার শর্তাবলী ও ফরম পূরণ সম্পর্কিত জ্ঞাতব্য

যে সকল প্রার্থী মেধাতালিকায় স্থান পাবে না, ভর্তি বাতিল করবে অথবা মেধাতালিকায় স্থান পেয়েও ভর্তি হবে না, সে সকল প্রার্থী তিনটি কলেজে কোর্স পছন্দ নির্ধারণ করে রিলিজ স্লিপের জন্য আবেদন করতে পারবে।

| রিলিজ স্লিপের ধাপসমূহ | করণীয় |
|---|---|
| **লগইন (Login)** | রিলিজ স্লিপে আবেদনের জন্য প্রার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Master Tab-এ গিয়ে **Master (Professional) Applicant Login** অপশনে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করতে হবে। এক্ষেত্রে প্রার্থীর নাম ও অন্যান্য তথ্যসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে প্রদর্শিত হবে। |
| **কলেজ পছন্দক্রম নির্ধারণ** | রিলিজ স্লিপের আবেদন ফরমের **College option** এ গিয়ে আবেদনকারী তার পছন্দ অনুযায়ী প্রতিষ্ঠান/কলেজ **Select** করলে ঐ প্রতিষ্ঠান/কলেজের কোর্সভিত্তিক শূন্য আসনের তালিকা দেখতে পাবে। এভাবে একজন আবেদনকারী তার পছন্দ অনুযায়ী **তিনটি প্রতিষ্ঠান/কলেজ** নির্ধারণ করে ফরম পূরণ করতে পারবে। |
| **আবেদন ফরম চূড়ান্তকরণ** | সঠিক তথ্যসহকারে ফরম পূরণ করে **Submit Application** অপশনে ক্লিক করলে আবেদনকারী তার নাম, ভর্তির প্রাথমিক আবেদনের রোল নম্বর, পিন কোড ও কলেজের নামসহ রিলিজ স্লিপের আবেদন ফরম ওয়েবসাইটে দেখতে পাবে। উক্ত ফরমটি Download করে **A4** (8.5"×11") অফসেট সাদা কাগজে প্রিন্ট (Print) নিতে হবে তবে এটি আবেদন ফরমে উল্লিখিত কলেজসমূহে জমা দিতে হবে না বা কোন ফি প্রদান করতে হবে না। |
| **রিলিজ স্লিপের আবেদন ফরম বাতিলকরণ** | রিলিজ স্লিপের আবেদন ফরম চূড়ান্তকরণের পরও যদি কোন আবেদনকারী তার আবেদন ফরমে কলেজ অথবা কোর্স পরিবর্তন করতে ইচ্ছুক হলে তাকে Applicant's Login (Masters Prof.) অপশনে গিয়ে আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিতে হবে। এ পর্যায়ে আবেদনকারীকে **Cancel Release Slip অপশনে** গিয়ে **Click to Generate the Security key** ক্লিক করতে হবে। এ সময়ে প্রার্থী তার আবেদন ফরমে উল্লিখিত ব্যক্তিগত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** এন্ট্রি দিয়ে প্রার্থী তার আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে রিলিজ স্লিপের আবেদন ফরম পূরণ করতে পারবে। **প্রার্থী এ সুযোগ কেবলমাত্র একবারই পাবে**। |
| **রিলিজ স্লিপের ফলাফল** | রিলিজ স্লিপের ফলাফল নির্ধারিত সময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে প্রকাশ করা হবে। |
| **ভর্তি ফরম সংগ্রহ ও ভর্তি** | প্রার্থী রিলিজ স্লিপের মাধ্যমে তার নির্বাচিত কলেজ/প্রতিষ্ঠানে কোর্স বরাদ্দ পেলে প্রার্থীকে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) Master Tab-এ গিয়ে Master (Professional) Applicant Login অপশনে সঠিক রোল নম্বর ও পিন কোড এন্ট্রি দিয়ে Login করবে এবং ভর্তির আবেদন ফরম পূরণ করে এর প্রিন্ট নিবে। এই আবেদন ফরমের সংগে আবেদনকারীর স্নাতক পর্যায়ে শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত কপি, দ্বৈত ভর্তি সম্পর্কিত অঙ্গীকারনামার কপি ও রেজিস্ট্রেশন ফি সংশ্লিষ্ট কলেজে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। প্রার্থীর প্রত্যয়নপত্র (প্রযোজ্য ক্ষেত্রে) ও শিক্ষাগত যোগ্যতার সনদের মূল কপিসমূহ যাচাই করে রিলিজ স্লিপে ভর্তির আবেদন ফরমের একটি কপি অধ্যক্ষ/দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের স্বাক্ষর ও সীলসহ কলেজ কর্তৃপক্ষ প্রার্থীকে ফেরত দিবে। |

## ৮। কলেজ কর্তৃপক্ষের করণীয় বিষয়সমূহ

| | |
|---|---|
| **সংশ্লিষ্ট কলেজের User ID, Password ও One Time Password (OTP) সংগ্রহ** | সংশ্লিষ্ট কলেজ ভর্তি কার্যক্রম পরিচালনার লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (www.nu.ac.bd/admissions) এর College (Postgraduate) Login অপশনে গিয়ে তাদের জন্য বরাদ্দকৃত User ID ও Password এন্ট্রি দিবে। প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের সময় **Click to Generate the Security key** অপশনে ক্লিক করলে সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রদত্ত মোবাইল নম্বরে SMS ও কলেজ ই-মেইল এর মাধ্যমে **One Time Password (OTP)** পাবে। এই **OTP** ব্যবহার করে সংশ্লিষ্ট কলেজ প্রার্থীদের প্রাথমিক আবেদন ফরম/চূড়ান্ত ভর্তি নিশ্চয়ন করতে পারবে।<br>**এ লক্ষ্যে কলেজ কর্তৃপক্ষকে ভর্তি কার্যক্রমের সংগে সংশ্লিষ্ট দুইজন দায়িত্বপ্রাপ্ত শিক্ষকের মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেস ডিন (স্নাতকোত্তর শিক্ষা প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) বরাবর ভর্তি প্রক্রিয়া শুরুর পূর্বে প্রেরণ করতে হবে।** |
| **প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ এবং শিক্ষাগত যোগ্যতার তথ্য ও ছবি যাচাই, ফরম নিশ্চয়ন** | সংশ্লিষ্ট কলেজ আবেদনকারীর কাছ থেকে প্রথমে ভর্তির প্রাথমিক আবেদন ফরম সংগ্রহ করবে। কলেজ কর্তৃপক্ষকে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের পূর্বে প্রার্থীর আবেদন ফরমে প্রদর্শিত সকল তথ্য ও ছবি অত্যন্ত সতর্কতার সাথে যাচাই করে নিতে হবে।<br>**Blank Data Entry Form (Masters Professional)** এর মাধ্যমে যে সকল প্রার্থী আবেদন করবে, তাদের প্রাথমিক আবেদন ফরম যাচাইয়ের ক্ষেত্রে প্রার্থীর ছবি, নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য প্রার্থীর দাখিলকৃত নম্বরপত্র ও সনদপত্রের সংগে মিলিয়ে নিতে হবে।<br>তথ্য সঠিক মনে হলে আবেদন **ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা** জমা রেখে নির্ধারিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট কলেজকে সকল আবেদনকারীর প্রাথমিক আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login অপশনে গিয়ে **Applicant's Approval (Masters Professional)** মাধ্যমে এন্ট্রি নিশ্চিত করতে হবে।<br>প্রাথমিক আবেদন ফরমে প্রার্থীর তথ্য বা ছবির অসংগতি পাওয়া গেলে কলেজ কর্তৃক আবেদন ফরমটি নিশ্চয়ন না করে প্রার্থীকে আবেদন ফরমটি বাতিলপূর্বক নতুন করে আবেদন করার পরামর্শ দিতে হবে।<br>**কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন না করা হলে ঐ প্রার্থীর মেধাতালিকা প্রণয়ন করা হবে না।** |
| **ভর্তির প্রাথমিক আবেদন 'ফি'র নির্ধারিত অংশ "সোনালী সেবা" এর মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ** | সংশ্লিষ্ট কলেজ প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দিবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজ নির্ধারিত সময়ে [আবেদনকারী থেকে ২০০/- (দুইশত) টাকা হারে] Login এর মাধ্যমে Application Payment Info (Masters prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-0218100003245 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ 'সোনালী ব্যাংক' এর যে কোন শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে। |

| | |
|---|---|
| **চূড়ান্ত ভর্তির আবেদন ফরম সংগ্রহ, শিক্ষাগত যোগ্যতার তথ্য ও ছবি যাচাই, ফরম নিশ্চয়ন** | মেধাতালিকা, রিলিজ স্লিপ ও কোটার মেধাতালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের কাছ থেকে সংশ্লিষ্ট কলেজ চূড়ান্ত ভর্তির আবেদন ফরম সংগ্রহ করবে। চূড়ান্ত ভর্তির আবেদন ফরমে প্রার্থী কর্তৃক প্রদত্ত সকল তথ্য ও ছবি অত্যন্ত সতর্কতার সাথে যাচাই করে নিতে হবে।<br>**জাতীয় বিশ্ববিদ্যালয়/অন্য কোন বিশ্ববিদ্যালয়ে যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী ২০২০-২০২১ শিক্ষাবর্ষের মাস্টার্স (প্রফেশনাল) প্রোগ্রামের কোন কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্বের ভর্তি বাতিলপূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষের মাস্টার্স প্রফেশনাল কোর্সে ভর্তি হতে পারবে।** এ লক্ষ্যে প্রার্থীকে প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় সংশ্লিষ্ট কলেজে "জাতীয় বিশ্ববিদ্যালয়/**অন্য কোন বিশ্ববিদ্যালয়ের** অধীনে বর্তমানে **কোন শিক্ষা কার্যক্রমে ভর্তি নেই"- মর্মে অঙ্গীকারপত্র জমা দিতে হবে।**<br>**Blank Data Entry Form (Masters Professional)** এর মাধ্যমে যে সকল প্রার্থী আবেদন করবে, তাদের চূড়ান্ত ভর্তি ফরম যাচাইয়ের ক্ষেত্রে প্রার্থীর ছবি, নাম, পিতা ও মাতার নাম, শিক্ষাগত যোগ্যতার সকল তথ্য তার দাখিলকৃত নম্বরপত্র ও সনদপত্রের সংগে মিলিয়ে নিতে হবে।<br>তথ্য সঠিক মনে হলে ভর্তি ফি জমা রেখে চূড়ান্ত ভর্তির আবেদন ফরম নির্ধারিত সময়ের মধ্যে নিশ্চয়ন করতে হবে। এ লক্ষ্যে সংশ্লিষ্ট কলেজকে Login অপশনে গিয়ে **Admission Approval (Masters Professional)** মাধ্যমে এন্ট্রি নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট কলেজ তাদের এন্ট্রিকৃত আবেদনকারীদের তালিকা ওয়েবসাইটে দেখতে পারবে।<br>কোন শিক্ষার্থীর তথ্যগত অসংগতি বা ত্রুটিপুর্ণ ছবি পরিলক্ষিত হলে ভর্তি নিশ্চয়ন না করে সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে অবিলম্বে বিষয়টি ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) বরাবর লিখিতভাবে অথবা ই-মেইল এর মাধ্যমে জানাতে হবে।<br>**Blank Data Entry Form ব্যবহার** করে যারা ভর্তি হয়েছে, সে সকল শিক্ষার্থীর শিক্ষাগত যোগ্যতার সকল সনদের মূলকপি যাচাই করে ভর্তি নিশ্চয়ন করতে হবে এবং **"প্রার্থী/প্রার্থীদের ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদি সঠিক"**- মর্মে একটি প্রত্যয়নপত্রসহ সংশ্লিষ্ট শিক্ষার্থীদের একটি তালিকা কলেজ অধ্যক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিন (স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র) দপ্তরে প্রেরণ করবেন।<br>**সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কোন প্রার্থীর প্রাথমিক/চূড়ান্ত ভর্তির আবেদন ফরম অনলাইনে নিশ্চয়ন করা না হলে সেই প্রার্থী ভর্তিযোগ্য বলে বিবেচিত হবে না এবং তার রেজিস্ট্রেশন কার্ড ইস্যু করা হবে না।**<br>**এই ফরমে প্রার্থীর কোন তথ্য ভুল/অসত্য বলে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করবে।** |
| **চূড়ান্ত ভর্তি ফি'র নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রেরণ** | সংশ্লিষ্ট কলেজ শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত অংশ সোনালী সেবার মাধ্যমে পরিশোধ করবে। এ লক্ষ্যে নির্ধারিত সময়ে সংশ্লিষ্ট কলেজ [ভর্তি নির্দেশিকার ১০নং অনুচ্ছেদে কোর্সভিত্তিক বর্ণিত হারে] Login এর মাধ্যমে Admission Payment Info (Masters prof.) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করবে। Pay Slip এ সংশ্লিষ্ট কোর্স ও শিক্ষাবর্ষে "রেজিস্ট্রেশন ফি" খাতের সঞ্চয়ী হিসাব নম্বর-0218100000134 উল্লেখপূর্বক মোট টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের শাখায় জমা দিয়ে রশিদ সংগ্রহ করবে। |

## ৯। প্রাথমিক আবেদন ফি

| | |
|---|---|
| i) প্রাথমিক আবেদন ফি | **= ৩০০/- (তিনশত) টাকা**<br>**[জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ ২০০/- (দুইশত) টাকা ও কলেজের অংশ ১০০/-(একশত) টাকা]** |

## ১০। কোর্সওয়ারী রেজিস্ট্রেশন ফি

**কোভিড-১৯ মহামারীকালীন পরিস্থিতিতে শিক্ষার্থীদের স্বার্থ বিবেচনায় এনে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে মাস্টার্স (প্রফেশনাল) কোর্সসমূহে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত রেজিস্ট্রেশন ফিসের হার পূর্ববর্তী বছরের তুলনায় ২৫% হ্রাস করে নিম্নরূপ নির্ধারণ করা হলো:**

| কোর্সের নাম | ফিসের ধরণ | ফিসের হার |
|---|---|---|
| **পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন জার্নালিজম/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন স্পোর্টস সায়েন্স /পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন ফটোগ্রাফী/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন মিউজিক/ পোষ্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ইন থিয়েটার স্টাডিজ** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ৭৫০/- (সাতশত পঞ্চাশ) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>**মোট= ৭৮৫/- (সাতশত পঁচাশি) টাকা** |
| **এলএলবি ১ম পর্ব/** পোষ্ট গ্রাজুয়েট **ডিপ্লোমা ইন লাইব্রেরি এন্ড ইনফরমেশন সায়েন্স/এমএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ৯০০/- (নয়শত) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>মোট= **৯৩৫/- (নয়শত পঁয়ত্রিশ) টাকা** |
| **মাস্টার্স ইন অ্যাপ্লাইড ক্রিমিনোলজী এন্ড পুলিশ ম্যানেজমেন্ট** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ১,৫০০/ (এক হাজার পাঁচশত) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>**মোট= ১,৫৩৫/- (এক হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা** |

| | | |
|---|---|---|
| **মাস্টার অব বিজনেস্ এ্যাডমিনিস্ট্রেশন (এমবিএ)** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ৪,৫০০/ (চার হাজার পাঁচশত) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>**মোট= ৪,৫৩৫/- (চার হাজার পাঁচশত পঁয়ত্রিশ) টাকা** |
| **এমবিএ ইন অ্যাপারেল মার্চেন্ডাইজিং** | i) শিক্ষার্থী প্রতি রেজিস্ট্রেশন ফি<br>ii) শিক্ষার্থী প্রতি ক্রীড়া ও সংস্কৃতি ফি<br>iii) শিক্ষার্থী প্রতি বিএনসিসি ফি<br>iv) শিক্ষার্থী প্রতি রোভার স্কাউট ফি | **= ১১,২৫০/ (এগার হাজার দুইশত পঞ্চাশ) টাকা**<br>= ২০/- (বিশ) টাকা<br>= ৫/- (পাঁচ) টাকা<br>= ১০/- (দশ) টাকা<br>**মোট= ১১,২৮৫/- (এগার হাজার দুইশত পঁচাশি) টাকা** |
| **শিক্ষার্থী প্রতি ভর্তি বাতিল ফি** | | **= ৭০০/- (সাতশত) টাকা** |

**স্বাক্ষরিত/-**
**(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)**
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ই-মেইল- *pgdeanoffice@gmail.com*

*© কপি-রাইট: জাতীয় বিশ্ববিদ্যালয়, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৪।*